

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২১, ২০১৮

সূচীপত্র

পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং	
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৩১৩—৩২৩	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৭২৯—৭৭২	৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই	ক্রোড়পত্র—সংখ্যা	
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই	(১)সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই	(২)বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৫৭৫—৫৯৭	(৩) বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
		(৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
		(৫) তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্রেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
		(৬) তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়

শৃঙ্খলা-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১২ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৫.১৭(বিমা).১৮১—যেহেতু, জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার, সিনিয়র সহকারী সচিব হিসেবে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে ১৪-১১-২০১৭ তারিখ পর্যন্ত কর্মরত থাকাকালীন ৩০-০৮-২০১৭ থেকে ১৪-১১-২০১৭ তারিখ পর্যন্ত মোট ৭৬ (ছিয়াত্তর) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এছাড়াও তিনি মাঝে মাঝে কর্মস্থলে অনুপস্থিত থাকতেন। এ ব্যাপারে তাকে মোখিকভাবে সতর্ক করা সত্ত্বেও তার কর্মকাণ্ডে কোন ধরনের উন্নতি পরিলক্ষিত হয়নি। তার এরূপ আচরণের ফলে দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটেছে এবং কর্তৃপক্ষকে বিব্রতকর অবস্থান সম্মুখীন হতে হয়েছে;

যেহেতু, তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করে ১২-০৩-২০১৮ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক কৈফিয়ত তলব করা হয় এবং তিনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তা উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩১৩)

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২০-০৩-২০১৮ তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন এবং সে মোতাবেক ১৯-০৪-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জানান যে, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে কর্মরত থাকাকালীন তিনি দূরারোগ্য লিভার রিরোসিস রোগে আক্রান্ত হওয়ায় এবং চিকিৎসাধীন থাকায় ৩০-০৮-২০১৭ হতে ১৪-১১-২০১৭ তারিখ পর্যন্ত তিনি অফিস করতে পারেননি। উক্ত সময়ে শারীরিক ও মানসিকভাবে বিপর্যস্ত থাকায় মৌখিকভাবে অবহিত করলেও অফিসে গিয়ে দাপ্তরিকভাবে ছুটির জন্য আবেদন করতে পারেননি। বিষয়টি তার অনিচ্ছাকৃত ভুল। তিনি উক্ত ভুলের জন্য নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের অনুরোধ জানান;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর অভিযোগ শারীরিক অসুস্থতাজনিত এবং অনিচ্ছাকৃত বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার (পরিচিতি নম্বর: ১৫৪৩৫), সিনিয়র সহকারী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (সি) অনুযায়ী 'ডিজারশন (Desertion)' এর অভিযোগে বৃজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হল। তার ৩০-০৮-২০১৭ হতে ১৪-১১-২০১৭ তারিখ পর্যন্ত মোট ৭৬ (ছিয়াত্তর) দিন অনুপস্থিতকালীন সময় ছুটি পাওনা থাকা সাপেক্ষে গড় বেতনে অর্জিত ছুটি হিসেবে অন্যথায় অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
অফিস আদেশ

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৬ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৫.০০.০০০০.১৩৭.৯৯.০০৭.১৭-৬৫৩—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বিভিন্ন অপারেশনাল প্লান এবং “৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনপ্লানে (পিআইপি) সেক্টর কর্মসূচির আওতায় বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/উচ্চশিক্ষার জন্য প্রার্থী মনোনয়ন প্রদানের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হল :

সভাপতি

(১) অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য)

সদস্যবৃন্দ

(২) অতিরিক্ত সচিব (প্রশাসন)

(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন)

(৪) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)

(৫) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (হাসপাতাল)

(৬) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)

(৭) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন ও আইন)

(৮) যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (বাজেট)

(৯) যুগ্মপ্রধান (পরিকল্পনা)

(১০) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রশিক্ষণ সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যথা : (স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্যঅর্থনীতি ইউনিট/ইডিসিএল/নিমিউ এন্ড টিসি/টেমো/বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান

সদস্য-সচিব

(১১) সিনিয়র সহকারী সচিব/উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১)

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

এ. জেড. এম. শারজিল হাসান
উপসচিব।

পার-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৫.১৪৩.০১৯.০৩.০০.০০১.২০১৭-২৩৯—ডাঃ মোঃ মশিউল আলম (৩৫১০০), তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়াকে মাননীয় মন্ত্রীর বগুড়া সফরকালে কর্মস্থলে উপস্থিত পাওয়া যায়নি। তাছাড়া তিনি প্রায়শঃ কর্মস্থলে অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগ পাওয়া যায়। তাঁর এরূপ কর্মকাণ্ড সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী যা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২। বর্ণিত অবস্থায়, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক ডাঃ মোঃ মশিউল আলম (৩৫১০০), তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া-কে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। সাময়িক বরখাস্তকালীন তিনি স্বাস্থ্য অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (subsistence allowance) প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

বাবলু কুমার সাহা

অতিরিক্ত সচিব

(সচিবের দায়িত্বে)।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/০৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৫.০২৭.০৮.১৬.০১৬.২০১৫-৭৯৯—চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ দেলোয়ার হোসেন স্বীয় পদ থেকে স্বেচ্ছায় পদত্যাগ করায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১২ (২) ধারা মোতাবেক তাঁর পদত্যাগপত্র সরকার কর্তৃক গৃহীত হ'ল। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৪ (১) (গ) ধারা অনুযায়ী শাহরাস্তি উপজেলা পরিষদ চেয়ারম্যান পদটি সরকার কর্তৃক শূন্য ঘোষণা করা হ'ল।

মোহাম্মদ জহিরুল ইসলাম

উপসচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৭

আদেশাবলি

তারিখ : ১৮ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-৭/২এন-৩৪/০৪-২৫৮—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্বলিত হইয়া আপনাকে জনাব মোঃ শাহজালাল সিরাজ, পিতা-মোঃ জবেদ আলী শাহ, মাতা-রোকেয়া বেগম, গ্রাম-আংগারপাড়া, ডাকঘর-বাংলা বাজার, উপজেলা-খানসামা, জেলা-দিনাজপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার খানসামা উপজেলার ০৩ নং আংগারপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-৭/২এন-৬২/০৩-২৬৮—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্বলিত হইয়া আপনাকে জনাব মোঃ এফ. এম আইনুল হক, পিতা-মোঃ মহফেল হোসেন, মাতা-রেজিয়া বেগম, মহল্লা-শাখারিয়া (দক্ষিণ পাড়া), ডাকঘর-পল্লী মঙ্গল হাট, উপজেলা-বগুড়া, জেলা-বগুড়া এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার সদর পৌরসভার ১৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৬২/০৩-২৬৯—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্মুখে হইয়া আপনাকে জনাব মোহাম্মাদ হেলাল উদ্দিন, পিতা-মোহাম্মাদ ময়েন উদ্দিন, মাতা-মৃত রেহেনা বেগম, মহল্লা-নওদা পাড়া, ডাকঘর-নুনগোলা, উপজেলা-বগুড়া, জেলা-বগুড়া এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার সদর পৌরসভার ১৭ ও ১৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-৭/২এন-৫৭/২০১২-৩০৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্মুখে হইয়া আপনাকে জনাব মোঃ সিরাজুল ইসলাম, পিতা-মৃত তাজুল ইসলাম, মাতা-দেলোয়ারা বেগম, গ্রাম-বৈচাতলী, ডাকঘর-গল্লাক বাজার, উপজেলা-ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার ০৫ নং ওয়ার্ড (পূর্ব) ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-৭/২এন-৫৬/৮৭-৩১৮—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্মুখে হইয়া আপনাকে জনাব মোঃ শাহারুল ইসলাম, পিতা-মৃত ফজলুর রহমান, মাতা-মৃত জাহেদা বেগম, গ্রাম-খুকশিয়া, ডাকঘর-রথের বাজার, উপজেলা-গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার ০৮ নং নাকাই ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ
সিনিয়র সহকারী সচিব।

বিচার শাখা-১

বিজ্ঞপ্তি

তারিখ ; ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৩ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-১/৩এ-১/৭৯-৩৫১—The Gandhi Ashram (Board of Trustees), Ordinance, 1975 (Ord No. L1 of 1975) এর Section 4 (1) এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিগণকে উক্ত অর্ডিন্যান্সের অধীনে গঠিত গান্ধি আশ্রম বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও ট্রাস্টি নিয়োগ/পুনঃনিয়োগ করা হলো :

চেয়ারম্যান

(১) স্বদেশ রায়-সিনিয়র সাংবাদিক

ট্রাস্টিবৃন্দ

(২) জেলা প্রশাসক, নোয়াখালী (পদাধিকারবলে)

(৩) কান্ট্রি হেড, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, ঢাকা (পদাধিকারবলে)

(৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী (পদাধিকারবলে)

(৫) অ্যাডভোকেট মোঃ মিছবাহ উদ্দিন সিরাজ

(৬) অ্যাডভোকেট কাজী মোঃ মানচুরুল হক খসরু

ট্রাস্টি-সচিব

(৭) মিস্ বার্না ধারা চৌধুরী

২। এই আদেশ ২৮-০৫-২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুবুর রহমান সরকার
উপসচিব (প্রশাসন-১)।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৫ বঃ/০৬ মে ২০১৮ খ্রিঃ

নং ২৫.০০.০০০০.০১৯.০১.০৮.২০১১/২৫৬—ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এর বিধি ৩৪ অনুযায়ী গঠিত নগর উন্নয়ন কমিটির ১৯ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক তেজগাঁও শিল্প-কাম-বাণিজ্যিক ও আবাসিক প্লট এর FAR (Floor Area Ratio) ও MGC (Maximum Ground Coverage) ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী নিষ্পত্তি করতে হবে। তবে এ সকল বৃপান্তরিত প্লটসমূহের নকশা প্রণয়ন ও অনুমোদনের জন্য প্লটগুলোর নিম্নরূপ ব্যবহারের সাথে নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) টি শর্তাবলি প্রযোজ্য হবে :

- (১) শিল্প প্লট-শিল্প প্লটগুলোতে হালকা শিল্প নির্মাণ করতে হবে।
- (২) শিল্প-কাম-বাণিজ্যিক ও আবাসিক প্লট-এ ধরনের বৃপান্তরিত প্লটে F2 (দোকানপাট ও বাজার) ব্যবহার বাদে যে কোন বাণিজ্যিক যেমন রেস্টুরেন্ট, শো-রুম, অফিস ও প্রয়োজনে F5 (তারকা খচিত হোটেল) সংস্থান হতে পারবে। তবে শুধুমাত্র আবাসিক সংস্থানও হতে পারবে।
- (৩) প্রাতিষ্ঠানিক প্লট-প্রাতিষ্ঠানিক প্লটসমূহ প্রাতিষ্ঠানিক-কাম-বাণিজ্যিক বা প্রাতিষ্ঠানিক-কাম-আবাসিক ব্যবহার হতে পারবে। তবে শুধু প্রাতিষ্ঠানিক ব্যবহারও হতে পারবে।

১। বৃষ্টির পানি সংগ্রহ এবং ভূগর্ভস্থ পানি রিচার্জ

- (১) ইমারতের ছাদে পতিত বৃষ্টির পানি সংগ্রহ এবং উহা ব্যবহারের উপযুক্ত ব্যবস্থা ইমারতের অবিচ্ছেদ্য অংশ হিসাবে থাকতে হবে। তবে শর্ত থাকে যে, অতিরিক্ত ভূমি আচ্ছাদন বাদে মূল ইমারত দ্বারা আচ্ছাদিত ভূমির পরিমাণ (Ground Coverage) ৫০০ (পাঁচশত) বর্গমিটারের উর্ধ্বে হলে সংগৃহীত বৃষ্টির পানি পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে এবং ভূগর্ভস্থ পানি রিচার্জ ব্যবহারের জন্য ইমারতের অবিচ্ছেদ্য অংশ হিসেবে রিচার্জ পিট (Recharge Pit) নির্মাণ করতে হবে।
- (২) এ শর্তাবলি প্রকাশের পূর্বে অনুমোদিত (নির্মিত ও নির্মীয়মান উভয় ক্ষেত্রে) ভবনসমূহের ছাদে পতিত বৃষ্টির পানি সংগ্রহ ও ব্যবহারের ব্যবস্থা স্থাপন ও ভূগর্ভস্থ পানি রিচার্জের জন্য রিচার্জ পিট (Recharge Pit) নির্মাণ করা হলে ঐ সকল ইমারতের সংশোধিত নকশা অনুমোদনের আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা ব্যবহার সনদপত্র (Occupancy Certificate) প্রদান বা ব্যবহার সনদপত্র নবায়নের আবেদন কর্তৃপক্ষ বিশেষ অগ্রাধিকার সহকারে নিষ্পত্তি করবে।
- (৩) কোন ইমারত বা কোন কমপ্লেক্সে সংস্থানকৃত ইমারতসমূহ দ্বারা আচ্ছাদিত ক্ষেত্রফলের উপর ভিত্তি করে প্লাস্টিং ডিজাইনারের মতামত অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ও আকারের রিচার্জ পিট (Recharge Pit) নির্মাণ করতে হবে।
- (৪) বৃষ্টির পানি সংগ্রহ ও ব্যবহার এবং ভূগর্ভস্থ পানি রিচার্জের ব্যবস্থা কোড বা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী করতে হবে।
- (৫) ভূগর্ভস্থ পানি রিচার্জ ব্যবহারের জন্য নির্মিত রিচার্জ পিট (Recharge Pit) ভূগর্ভস্থ পানি রিচার্জ ব্যতীত অন্য কোনরূপ উদ্দেশ্যে ব্যবহার করা বা বৃষ্টির পানি ব্যতীত অন্য কোন উৎসের পানি রিচার্জের জন্য রিচার্জ পিট ব্যবহার করা বা ইহা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ না করা বা ভূগর্ভস্থ পানি দূষণমুক্ত রাখতে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করা নির্মাণ অনুমোদনের শর্ত লঙ্ঘন করা হয়েছে মর্মে বিবেচিত হবে, যা আইন অনুযায়ী দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে।
- (৬) কর্তৃপক্ষ এই আরোপিত শর্তের উদ্দেশ্য পূরণকল্পে একটি মনিটরিং কমিটি গঠন করবে এবং শর্ত-১ এর উপ-শর্ত (১) হতে উপ শর্ত (৪) পর্যন্ত বাস্তবায়ন এবং নির্মিত রিচার্জ পিট (Recharge Pit) রক্ষণাবেক্ষণ, সংরক্ষণ ও ব্যবহার পর্যবেক্ষণ করবে।
- (৭) রিচার্জ পিট আবশ্যিক বা অতিরিক্ত ভূমি আচ্ছাদনের অংশ হিসাবে গণ্য হবে না।

২। বৃক্ষ রোপণ

- (১) প্লটের পরিমাণ ১৩৪০ বর্গ মিটার বা তদূর্ধ্ব হলে প্লটের ন্যূনতম ১০% জায়গায় আবশ্যিকভাবে বৃক্ষ রোপণ করতে হবে।
- (২) বৃক্ষ রোপণের স্থান আবশ্যিক অনাচ্ছাদিত স্থান ও সেটব্যাক স্থান সমন্বয়ে করা যাবে এবং এই স্থান সর্বোচ্চ ২ (দুই) ভাগে বিভক্ত করা যাবে তবে কোন একক অংশে বৃক্ষ রোপণের জন্য সংস্থানকৃত স্থান এক-তৃতীয়াংশের কম করা যাবে না।
- (৩) ১৩৪০ বর্গ মিটার এর নীচের ক্ষেত্রফলবিশিষ্ট প্লটে আবশ্যিক উন্মুক্ত স্থানের অন্তর্ভুক্ত বাধ্যতামূলক সবুজ এলাকায় লতা, গুল্ম বা মাঝারি আকৃতির গাছপালার সংস্থান রাখতে হবে।
- (৪) বিশেষ প্রকল্পের অনুমোদন আবেদন পত্রে বৃক্ষ রোপণের স্থানের হিসাব এবং নির্মাণ অনুমোদনের জন্য দাখিলকৃত নকশায় বৃক্ষ রোপণের স্পেস সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে।
- (৫) ইমারতের মালিক নিজ খরচে রোপিত বৃক্ষের যথাযথ পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করবেন।
- (৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত এ বৃক্ষ কর্তন বা অপসারণ করা যাবে না।

৩। সুয়েজ ট্রিটমেন্ট প্লান্ট ও আবর্জনা ব্যবস্থাপনা

- (১) সকল শিল্প-কাম-বাণিজ্যিক ও আবাসিক ভবনে সুয়েজ ট্রিটমেন্ট প্লান্ট পিট (STP) এর সংস্থান রাখতে হবে। ইমারতের আবর্জনা ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
- (২) নির্মাণ অনুমোদনের জন্য দাখিলকৃত নকশায় সুয়েজ ট্রিটমেন্ট প্লান্ট ও আবর্জনা ব্যবস্থাপনা স্পেস, যাহা FAR মুক্ত কিন্তু ভূমি আচ্ছাদনের আওতাভুক্ত হবে এবং এর অবস্থান নকশায় প্রদর্শন করতে হবে।

৪। ওয়াটার রিসাইক্লিং

- (১) ৫০০ (পাঁচশত) বা তদূর্ধ্ব সংখ্যক আবাসন ইউনিট বিশিষ্ট ইমারত নির্মাণের ক্ষেত্রে বেসিন এবং শাওয়ার এর ব্যবহৃত পানি পুনঃব্যবহারের ব্যবস্থা থাকতে হবে।
- (২) নির্মাণ অনুমোদনের জন্য দাখিলকৃত আবেদনের সহিত ওয়াটার রিসাইক্লিং এর স্থাপনা, যাহা মুক্ত হবে কিন্তু ভূমি আচ্ছাদনের আওতাভুক্ত হবে, এর বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে।

৫। সৌর বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহার

- (১) ইমারতের মালিককে, নিজ খরচে ইমারতে সৌর বিদ্যুৎ উৎপাদন ও তাহা ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) ইমারতের সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদার ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় সৌর বিদ্যুতের পরিমাণ নির্ধারণ করতে হবে।
- (৩) সৌর বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত প্যানেলসমূহ সংস্থানের জন্য নির্মিত কাঠামো সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত উচ্চতার অধিক হবে না

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শ্যামলী নবী
উপসচিব।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫ বঃ/১০ মে ২০১৮ খ্রিঃ

নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-১৮৪—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ সাইক্লিং ফেডারেশনের বর্তমান সভাপতি জনাব মিজানুর রহমান মানু (সাবেক মাননীয় সংসদ সদস্য ও হুইপ)-কে বাংলাদেশ সাইক্লিং ফেডারেশনের সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-১৮৫—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বিশিষ্ট ব্যবসায়ী ও ক্রীড়া সংগঠক জনাব শফিউল্লাহ আল মুনির-কে বাংলাদেশ সাইক্লিং ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-১৮৬—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব মিজানুর রহমান মানু (সাবেক মাননীয় সংসদ সদস্য ও হুইপ)-কে বাংলাদেশ মাউন্টেনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সরদার মোঃ শোয়েব
উপসচিব।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২০ বৈশাখ ১৪২৫ বঃ/০৩ মে ২০১৮ খ্রিঃ

নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.১৪২.১৫-১৬৭—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ “সংরক্ষিত প্রত্নসম্পদ” বলিয়া ঘোষণা করা হইল :

ক্রমিক	প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি	প্রত্নসম্পদের ভূমির বিবরণ			জমির পরিমাণ (একরে)	চৌহদ্দী	মালিকানা	প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা	মন্তব্য
		মৌজা	খতিয়ান নং (এস.এ)	দাগ নং					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।	“বড় কুঠি” রাজশাহী শহরের সাহেব বাজার হতে আধা কিলোমিটার দক্ষিণে পদ্মা নদীর তীরে অবস্থিত থানা-সদর জেলা-রাজশাহী	বোয়ালিয়া	আর. এস খঃ নং-২১	আর এস দাগ নং ৬২২৬	০.৪৫০০	উত্তর: দরগা রোড দক্ষিণ: পদ্মা নদী পূর্ব: রাস্তা পশ্চিম: পদ্মা গর্ডেন	রাজশাহী বিশ্ববিদ্যালয়	হ্যা	বড়কুঠি ভূমি অফিস ও রেকর্ড রুম হতে বোয়ালিয়া মৌজার সাবেক ৭৪২৩ দাগের SA খতিয়ান সন্ধান করিয়া পাওয়া গেল না

রাষ্ট্রপতির আদেশক্রমে

ছানিয়া আক্তার
উপসচিব।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শিশু শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ মে ২০১৮ খ্রিঃ

নং ৩২.০০.০০০০.০৪১.২৯.০০৬.১৭-১১০—শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত (ইসিসিডি) নীতি, ২০১৩ এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদানের জন্য একটি জাতীয় ইসিসিডি কারিগরি কমিটি নিম্নরূপে গঠন করা হলো :

সভাপতি

(১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদস্যবৃন্দ

(২) অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৩) সদস্য (শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB), মতিঝিল, ঢাকা

(৪) প্রতিনিধি, Institute for Paediatric Neurodisorder & Autism (ইপনা), BSMMU, শাহবাগ, ঢাকা

(৫) উপপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা

(৬) প্রতিনিধি, সূচনা ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা

(৭) উপপরিচালক, (প্রাক-প্রাথমিক), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা

(৮) প্রতিনিধি, ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউট, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ঢাকা

(৯) জনাব ইকবাল হোসেন, এডুকেশন স্পেশালিস্ট, শিক্ষা সেকশন, ইউনিসেফ বাংলাদেশ, ঢাকা

(১০) জনাব মোঃ কফিলউদ্দিন কাইয়া, সাবেক উপসচিব ও প্রকল্প পরিচালক, ইএলসিডি (২য় পর্যায়) প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা

(১১) ডাঃ জেনা হামাদানী, প্রধান, চাইল্ড ডেভেলপমেন্ট ইউনিট, আইসিডিআরবি, মহাখালী, ঢাকা

(১২) প্রফেসর নাজমুল হক, সাবেক অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

- (১৩) ডাঃ মোঃ গোলাম মোস্তাফা, ইসিডি এডভাইজার, আগা খান ফাউন্ডেশন (বাংলাদেশ), ঢাকা
 (১৪) জনাব ম. হাবিবুর রহমান, সাবেক শিক্ষা সেক্টর সিনিয়র উপদেষ্টা, সেভ দ্য চিলড্রেন, ঢাকা
 (১৫) জনাব ফরিদা আকতার, শিশু মনোবিজ্ঞানী এবং নির্বাহী পরিচালক, ইনার ফোর্স, লালমাটিয়া, ঢাকা
 (১৬) জনাব মোঃ তারিকুল ইসলাম চৌধুরী, ইসিডি স্পেশালিস্ট, ইএলসিডি প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা
 (১৭) জনাব মাহমুদা আকতার, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব চাইল্ড এ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট, ঢাকা

সদস্য-সচিব

- (১৮) উপসচিব (শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

কমিটির কার্যপরিধি :

- (১) জাতীয় ইসিডি সমন্বয় কমিটিকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান;
 (২) শিশুদের প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি, ২০১৩ বাস্তবায়নের জন্য ইসিডি বিষয়ক প্রকল্প প্রস্তাব প্রণয়নে পরামর্শ প্রদান এবং ইসিডি বিষয়ক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য পরিবীক্ষণ মনিটরিং পদ্ধতি প্রণয়ন;
 (৩) ইসিডি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ নীতিমালা, প্রশিক্ষণ মডিউল এবং প্রশিক্ষণ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন;
 (৪) ইউনিয়ন পর্যায়ে থেকে জাতীয় পর্যায়ে পর্যন্ত বিদ্যমান শিশু বিষয়ক কমিটিসমূহের তালিকাভুক্তিসহ প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনকরণ এবং ইসিডি নীতি বাস্তবায়নকল্পে কমিটিগুলোর মধ্যে সমন্বয় সাধন;
 (৫) ইসিডিতে বিদ্যমান সেবাসমূহ পর্যালোচনা করা এবং কারিগরি কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট প্রণয়ন; এবং
 (৬) ইসিডি বিষয়ক গবেষণা ও মূল্যায়ন, সামাজিক প্রচারভিযান কৌশল প্রণয়ন এবং ইসিডি নীতি বাস্তবায়নে গৃহীত উদ্যোগের কারিগরি সম্ভাব্যতা যাচাই।

২। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/আইএনজিও/এনজিও/সংস্থা থেকে সদস্য কো-অপ্ট (Co-opt) করতে পারবে। ইসিডি নীতির আলোকে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদানের নিমিত্তি কমিটি বছরে ২ বা ততোধিক বার সভায় মিলিত হবে।

৩। বাংলাদেশ শিশু একাডেমী জাতীয় ইসিডি কারিগরি কমিটিকে সার্বিক সহায়তা প্রদান করবে।

রহিমা আক্তার
 সিনিয়র সহকারী সচিব।

শাখা-জামস

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০২ ফাল্গুন ১৪২৪ বঃ/১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৭.১৮(অংশ নথি)-০১(ক)—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপ-ধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কুড়িগ্রাম জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

চেয়ারম্যান

- (১) মিসেস খুরশীদা বেগম, স্বামী-মোঃ নূর ইসলাম, গ্রাম-নয়াগ্রাম (পুরাতন থানাপাড়া), পোস্ট+উপজেলা ও জেলা-কুড়িগ্রাম

সদস্যবৃন্দ

- (২) বেগম রেবা সরকার, স্বামী-মৃত নজির হোসেন সরকার, গ্রাম-উকিল পাড়া, পোস্ট+উপজেলা ও জেলা-কুড়িগ্রাম
 (৩) বেগম তাহমিনা আক্তার মিনা, স্বামী-মোঃ বাশার খাঁন, গ্রাম-খলিলগঞ্জ, পোস্ট+উপজেলা ও জেলা-কুড়িগ্রাম
 (৪) ফাল্লুনী তরফদার, স্বামী-বিমল তরফদার, গ্রাম-পুরাতন পোস্ট অফিস পাড়া, পোস্ট+উপজেলা ও জেলা-কুড়িগ্রাম
 (৫) বেগম সেলিনা আক্তার, স্বামী-মোঃ আব্দুল বাতেন, গ্রাম-পুরাতন থানাপাড়া, পোস্ট+উপজেলা ও জেলা-কুড়িগ্রাম

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্যে হতে ১ নং ক্রমিকের মিসেস খুরশীদা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্থায়ী পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবেন এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্থায়ী পদ ত্যাগ করতে পারবেন।

তারিখ : ০৪ বৈশাখ ১৪২৫ বঃ/১৭ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৭.৯৯(অংশ-৩)-১৮—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপ-ধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, নড়াইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নোক্ত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নড়াইল জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	মন্তব্য
(১)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব সালমা রহমান কবিতা পিতা-মৃত সাঈদুর রহমান, কুড়িগ্রাম, নড়াইল।	চেয়ারম্যান
(২)	১০(১)(ঘ)	শিক্ষিকা	জনাব আনজুমান আরা স্বামী-অ্যাড, মোঃ সিদ্দিক আহমেদ, আলাদাৎপুর, নড়াইল।	সদস্য
(৩)	১০(১)(ঙ)	সমাজসেবী	জনাব মিনতী বোস স্বামী-অ্যাডভোকেট সুবাস চন্দ্র বোস, আলাদাৎপুর, নড়াইল।	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব আফরোজা খানম স্বামী-শাহ মোহাম্মদ সিকদার, নড়াইল চৌরাস্তা, নড়াইল।	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব চায়না ভদ্র স্বামী-বাবুল সাহা, আলাদাৎপুর, নড়াইল।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্যে হতে ১ নং ক্রমিকের জনাব সালমা রহমান কবিতা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্থায়ী পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবেন এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্থায়ী পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মুখলেছুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১)।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ডিএফডিপি শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২৯.০০৬.০২২.১৭-৩০০—এশিয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের আর্থিক সাহায্যপুষ্ঠ “সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II এলেঞ্জা-হাটিকামবুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রমের জন্য অনুমোদিত রিসেটলমেন্ট প্লান অনুসারে নিম্নোক্ত ২ (দুই) টি কমিটি গঠন করা হল।

১. Property Assessment and Valuation Committee (PAVC) :

- | | | |
|--|---|------------|
| (ক) সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধি, উপ-প্রকল্প ব্যবস্থাপক সমপার্যায়ের কর্মকর্তা
(প্রকল্প পরিচালক, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II প্রকল্প কর্তৃক মনোনীত) | - | আহ্বায়ক |
| (খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর মনোনীত প্রতিনিধি | - | সদস্য |
| (গ) সওজ অধিদপ্তরকে সহায়তা প্রদানকারী বেসরকারী সংস্থা (সমাহার) এর এরিয়া ম্যানেজার | - | সদস্য-সচিব |

কার্যপরিধি :

- বেসরকারি সংস্থা (সমাহার) কর্তৃক সরেজমিনে জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ, জেলা প্রশাসক কার্যালয় প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণ যাচাইপূর্বক সমন্বয়করণ, যৌথ জরিপ ফরম পূরণ ও স্বাক্ষরকরণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নিরূপণ এবং প্রকল্প পরিচালকের নিকট পেশ করণ;
- প্রকল্পাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের নিজস্ব সড়ক (রাইট অব ওয়েতে) ও সরকারের অন্যান্য সংস্থার জমিতে দীর্ঘদিন যাবত ব্যবসা প্রতিষ্ঠান ও বসবাসকারীদের শনাক্তকরণ এবং ঐ সকল ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরম স্বাক্ষরকরণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ নিরূপণ ও শনাক্ত স্বাক্ষরকরণ এবং প্রকল্প পরিচালকের নিকট পেশকরণ;
- Resettlement Plan এর ক্ষতিপূরণ নীতিমালার আলোকে অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ভূমি, অবকাঠামো ও গাছপালার Replacement Value সহ অতিরিক্ত নগদ মঞ্জুরি ও অন্যান্য সম্পদের ক্ষতিপূরণ হিসাবে বাজার মূল্য প্রদানকল্পে মূল্য জরিপ পরিচালনা করে ভূমি, অবকাঠামো, গাছ-পালা ও অন্যান্য সম্পদের বর্তমান মূল্য নিরূপণ ও মূল্য তালিকায় স্বাক্ষরকরণ;

- (ঘ) সড়ক জনপথ অধিদপ্তর ও অন্যান্য সরকারি সংস্থার জমিতে অবস্থানরত ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত সম্পদের মূল্য জরিপ পরিচালনা করে বাজার দর অনুযায়ী বর্তমান মূল্য নিরূপণ ও মূল্য তালিকায় সনাক্ত স্বাক্ষরকরণ; এবং
- (ঙ) সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II প্রকল্প এর সময়সীমা অনুসরণে উপর্যুক্ত কার্যাদি সম্পাদন করে সংশ্লিষ্ট কাগজ প্রত্র/প্রতিবেদন সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট পেশ করণ।

২. Grievance Redress Committee (GRC) :

২.১। Community Level GRC (ইউনিয়ন পরিষদ/পৌরসভা)

- (ক) প্রকল্প ব্যবস্থাপক (নির্বাহী প্রকৌশলী), সড়ক ও জনপথ অধিদপ্তর -আহ্বায়ক
- (খ) উপ প্রকল্প ব্যবস্থাপক (উপ-বিভাগীয় প্রকৌশলী), সড়ক ও জনপথ অধিদপ্তর -সদস্য
- (গ) সড়ক ও জনপথ অধিদপ্তরকে রিসেটেলমেন্ট প্লান বাস্তবায়নে সহায়তাকারী বেসরকারি সংস্থা (সমাহার) এর প্রতিনিধি -সদস্য
- (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র (ক্ষতিগ্রস্ত ব্যক্তি যে ইউনিয়ন/পৌরসভার অন্তর্ভুক্ত নালিশ লিপিবদ্ধ করবেন) অথবা তৎনিয়েক্ত ইউনিয়ন পরিষদ/পৌরসভার সদস্য/কমিশনার -সদস্য
- (ঙ) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রতিনিধি (যদি মহিলা নালিশকারী হয়, সেক্ষেত্রে মহিলা প্রতিনিধি) -সদস্য

কার্যপরিধি :

- (ক) প্রকল্পের অধীনে পুনর্বাসন সুবিধাদি, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন ও অন্যান্য সহায়তা প্রদান বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের নালিশ এবং শুনানী গ্রহণ;
- (খ) ক্ষতিগ্রস্ত ব্যক্তির অধীনে নালিশ যদি ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ এর সালিশ (Arbitration) পদ্ধতি অথবা প্রচলিত আইনের আওতাভুক্ত কোন বিষয় সংক্রান্ত হয় তবে এই কমিটি উক্ত নালিশ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করার পরামর্শ দেবে। নালিশ যদি প্রচলিত আইনের আওতাভুক্ত না হয় সেক্ষেত্রে রিসেটেলমেন্ট প্লান এর নীতিমালার আলোকে বিষয়সমূহ নিষ্পত্তির ব্যাপারে কমিটি সুপারিশমালা তৈরি করবে;
- (গ) ভূমিহীন ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের নালিশ কার্য এ কমিটি কর্তৃক বর্ণিত পদ্ধতি অবলম্বন করে সুপারিশমালা তৈরি করবে; এবং
- (ঘ) কমিটির সুপারিশমালা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II প্রকল্প এর নিকট পেশ করবে।

দলিল গ্রহণ ও নিষ্পত্তি করার পদ্ধতি :

- (ক) ক্ষতিগ্রস্ত ব্যক্তি প্রকল্পের পরিচয়পত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে অথবা প্রাপ্য ক্ষতিপূরণ সম্পর্কে তাকে অবহিত করার ১ (এক) মাসের মধ্যে লিখিতভাবে আহ্বায়কের কার্যালয়ে আবেদন করতে পারবেন;
- (খ) এ কমিটি নালিশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কাগজের রেকর্ড ও সভায় কার্য বিবরণী সংরক্ষণ করবেন;
- (গ) আহ্বায়কের কার্যালয়ে এই কমিটির যাবতীয় কাজ অনুষ্ঠিত হবে;
- (ঘ) কমিটি সিদ্ধান্ত গ্রহণের ভিত্তি অবশ্যই উল্লেখ করবে; এবং
- (ঙ) কমিটির নালিশ প্রতিকার সংশ্লিষ্ট নিয়মাবলি এবং এই সংক্রান্ত ক্ষতিগ্রস্তদের অধিকার স্থানীয়ভাবে ফোকাস গ্রুপ সভায় এবং ক্ষুদ্র পুস্তিকা বিলির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে;

২.২। Project Level (PIU) GRC

- (ক) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রতিনিধি -আহ্বায়ক
- (খ) প্রধান পুনর্বাসন কর্মকর্তা (অতিঃ প্রকল্প পরিচালক), সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II, সওজ -সদস্য
- (গ) সিএসসি পুনর্বাসন বিশেষজ্ঞ (প্রকল্পের সুপারভিশন পরামর্শক প্রতিষ্ঠান) -সদস্য

কার্যপরিধি :

- (ক) Community Level GRC এর সুপারিশের উপর অসন্তুষ্ট সংশ্লিষ্ট ব্যক্তিগণের আবেদন বা নালিশ পুনঃ বিবেচনার জন্য গ্রহণ এবং শুনানী করণ; এবং
- (খ) Community Level GRC এর সুপারিশসমূহ এবং পুনঃ আবেদন যাচাই ও পর্যালোচনাস্তে সুপারিশসমূহ অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী, সওজ এর নিকট পেশ করণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুলতানা ইয়াসমীন
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

শৃঙ্খলা অধিশাখা

আদেশ

তারিখ : ১৫ মে ২০১৮ খ্রিঃ

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৮-১৬২—যেহেতু, ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিস্ট্রি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত: রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (প্রাক্তন ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর) এর বিরুদ্ধে অভিযোগ আনা হয় যে, তিনি ২০তম বিসিএস এর একজন কর্মকর্তা হওয়া সত্ত্বেও ১৫শ বিসিএস এর কর্মকর্তা হিসেবে পদোন্নতির আবেদন করেন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-১ শাখার ০৫-০৮-২০১৫ তারিখের ৪৫.১৪২.০১২.০০.০০.০০৩.২০১৫-৩৭৮ নম্বর প্রজ্ঞাপনে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি লাভ করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ৩১-০১-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৯.২০১৫-৭৭ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, পদোন্নতি সংক্রান্ত আবেদনে ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩) নিজেকে ১৫শ বিসিএস কর্মকর্তা হিসেবে উল্লেখ করেননি এবং বর্ণিত ঘটনায় ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩) এর কোন ভূমিকা নেই। পদোন্নতি স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতেই প্রদান করা হয়েছে;

সেহেতু, সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ গনপতি বিশ্বাস (৪৫৭৬৩), সহযোগী অধ্যাপক, ডেন্টিস্ট্রি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত: রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী (প্রাক্তন ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর)-কে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

মোঃ সিরাজুল হক খান
সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৭

আদেশ

তারিখ : ৩ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং বিচার-৭/২এন-৯৬/২০১৭-৩৬৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্ত্রস্ত হইয়া আপনাকে জনাব মোঃ নূরুল আমীন, পিতা মৃত মোঃ আব্দুল মজিদ, মাতা মৃত মোসাঃ হাসিনা, গ্রাম পূর্ব বক্সনগর, ডাকঘর-সারুলিয়া, থানা- ডেমরা, জেলা-ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৬৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ
সিনিয়র সহকারী সচিব।